



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

ପଲ୍ଲୀ ଭବନ

৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

www.brdb.gov.bd



মুজিব বর্ষে বিআরডিবি'র অঙ্গীকার স্বনির্ভর সময়সূচী পল্লী গড়ার

অংশীজনের অংশগ্রহণে সভার কার্যবিবরণী:

সভাপতি	: জনাব সুপ্রিয় কুমার কুন্তু
তারিখ	: ২১/০৩/২০২১ খ্রি।
সময়	: বিকাল ৪:০০ টা।
সভার স্থান	: বিআরডিবি'র সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিতি পরিশিষ্ট ‘ক’-সদয় দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সরকারী সকল কাজে স্বচ্ছতা আনয়নের উপর গুরুত্বারোপ করেন। তিনি আরও বলেন, সরকারী কাজে প্রজাতন্ত্রের কর্মচারীদের প্রচলিত ধ্যান-ধারনা পরিবর্তন করে জনসেবামূল্যী করার জন্য জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। অতঃপর তিনি NIS বিষয়ক বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতি সভায় উপস্থাপন করার জন্য উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়) কে অনুরোধ করেন। উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়) সভায় জানান, বিগত ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর/২০২০) এর সকল সিদ্ধান্ত প্রতিপালন করা হয়েছে। সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০২০-২১ এর প্রতিটি সূচক নিয়ে আলোচনা করেন।

শুক্রাচার/ উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সাথে মতবিনিময়কালে সভাপতি বলেন, শুক্রাচার কর্মপরিকল্পনায় বিভিন্ন কার্য সম্পাদনের সময়-সীমা নির্ধারিত রয়েছে এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের দায়িত্ব বটনের বিষয়টিও সেখানে উল্লেখ রয়েছে বিধায় নির্ধারিত সময় সীমার মধ্যে সংশ্লিষ্ট সকলকে তার নিজ নিজ দায়িত্ব পালন করা আবশ্যিক। অন্যথায় জাতীয় শুক্রাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্য ও উদ্দেশ্য ব্যাহত হবে। এতে বিআরডিবি'র সামগ্রিক কর্ম মূল্যায়ন ব্যাহত হবে। এজন্য সংশ্লিষ্ট সকলকে শুক্রাচার কর্মপরিকল্পনায় উল্লিখিত সময় সীমার মধ্যে তার কার্যক্রম সম্পন্ন করার অনুরোধ করা হয়।

অভিযোগ প্রতিকার ব্যবস্থার বিষয়ে সেবাগ্রহীতা/ অংশীজনদের অবহিতকরণকালে সভাপতি বলেন, বিআরডিবি'র সেবার মান বৃদ্ধির জন্য জিআরএস ফোকাল পয়েন্ট নির্ধারণ করা হয়েছে। বিআরডিবি'র ওয়েবসাইটে জিআরএস সেবাবক্র তৈরি হয়েছে। সেখান থেকে তাদের যাবতীয় অভিযোগের প্রতিকারের জন্য জিআরএস কর্মকর্তাদের সাথে যোগাযোগ করতে পারবেন এবং অভিযোগ নিষ্পত্তি করতে পারবেন।

সেবাপ্রদান প্রতিশুতির বিষয়ে সভায় উপস্থিত কর্মকর্তা-কর্মচারী এবং সেবা গ্রহীতার উদ্দেশ্যে সভাপতি বলেন, বিআরডিবি'র সেবা প্রাপ্তির জন্য সেবা প্রদান প্রতিশুতি (সিটিজেন চার্টার) রয়েছে। বিআরডিবি'র জেলা ও উপজেলা কার্যালয়ে এবং বিআরডিবি'র ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশুতি (সিটিজেন চার্টার) বক্স রয়েছে। বিআরডিবি'র সেবা সহজীকরণের লক্ষ্যে বিস্তারিত তথ্য সেখানে লিপিবদ্ধ রয়েছে।

বিষ্টারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গহীত হয় : -

- ১) প্রতি কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী অগ্রগতি ১০০ ভাগ অর্জন নিশ্চিত করতে হবে;
 - ২) অংশীজনদের সেবা নিশ্চিত করে তাদেরকে শুল্কাচার/ উত্তম চর্চা গ্রহণে উৎসাহ প্রদান করতে হবে;
 - ৩) জিআরএস ফোকাল পয়েন্ট/ জিআরএস কর্মকর্তা সেবা গ্রহীতাদের সকল অভিযোগ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবেন;

- ৪) সিটিজেন চার্টার অনুযায়ী সেবা ১০০% নিশ্চিত করতে হবে;
- ৫) লক্ষ্যমাত্রায় উল্লিখিত সময়ের মধ্যে শুঙ্কাচার পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


স্মারক নং-৪৭.৬২.০০০০.১০২.২২.৩৯৮.১৯. ২৪৪১

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঁ:

- ১। উপপরিচালক, (সকল), বিআরডিবি, ঢাকা।
- ২। উপপরিচালক, (সকল জেলা), বিআরডিবি জেলা।
- ৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। জনাব/বেগম।
- ৫। সংশ্লিষ্ট নথি।



সুপ্রিয় কুমার চক্রবৃত্ত
মহাপরিচালক (গ্রেড-১)
তারিখ: ২১/০৩/২০২১ খ্রি।



মোঃ নুরুজ্জামান
উপপরিচালক (জনসংযোগ ও সমস্যাশাখা)
ফোনঃ ৮১৮০০১৮